গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫।
www.napd.gov.bd

----

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌঃ মোঃ আবদুর রশিদ<br>পরিচালক |
| সভার তারিখ | ০৮ আগস্ট ২০২৩ (বুধবার) |
| সভার সময় | সকাল ১০:৩০ মিনিট |
| স্থান | এনএপিডির সভাকক্ষ |
| উপস্থিতি | সংযুক্ত |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে একাডেমির উপ-পরিচালক (প্রশাসন) সভার কর্মপত্র উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয় -

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১.১ | পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন | একাডেমির ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ কমিটি হালনাগাদ করার কার্যক্রম থাকলেও চলতি ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় উক্ত কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়নি। বিষয়টি নিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের ১ম ত্রৈমাসিক সভায় আলোচনা হলে জানানো হয় ইতোপূর্বে গঠিত পরিবীক্ষণ কমিটি সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের কাজ অব্যাহত রাখবে। একাডেমির ইতোপূর্বে গঠিত ৫ সদস্যের পরিবীক্ষণ কমিটি কাজ অব্যাহত রাখতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | সর্বশেষ গঠিত পরিবীক্ষণ কমিটি ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা পরিবীক্ষণের কাজ অব্যাহত রাখবে। | - |
| ১.২ | সিটিজেনস চার্টার-এ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্যের সঠিকতা যাচাই | সভায় একাডেমির সিটিজেনস চার্টারে উল্লিখিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের কোন পরিবর্তন আছে কি-না তা পরীক্ষা করে দেখা হয়। যাচাইয়ান্তে দেখা যায়, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য হালনাগাদ রয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের এতদসংক্রান্ত কমিটির নির্দেশনা অনুযায়ী যখনই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরিবর্তন হবেন তখনই তা সিটিজেনস চার্টারে পরিবর্তন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। পরিবীক্ষণ কমিটির সভা পর্যন্ত অপেক্ষা করার প্রয়োজন নেই। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য প্রয়োজনে তাৎক্ষণিক পরিবর্তন করতে হবে। | সিস্টেম এনালিস্ট ও গবেষণা কর্মকর্তা-১ |
| ১.৩ | সিটিজেনস চার্টার-এ সেবা প্রদান বিষয়ক ফর্ম সংযোজন | এনএপিডির অভ্যন্তরীন সেবার অন্তর্গত ক্রমিক নং ০৪, ০৫ ও ০৬-এর সেবা পেতে হলে প্রয়োজনীয় দাপ্তরিক ফর্ম সিটিজেনস চার্টারে সংযোজন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | এনএপিডির অভ্যন্তরীন সেবার ক্রমিক নং ০৪, ০৫ ও ০৬ সেবার ফর্ম সিটিজেনস চার্টারে লিংক আকারে সংযোজন করতে হবে। | সিস্টেম এনালিস্ট ও উপ-পরিচালক (প্রশাসন) |
| ১.৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ১.২ নং কার্যক্রম অনুযায়ী যেহেতু এনএপিডির আওতাধীন দপ্তর/সংস্থা নেই তাই সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে বছরে ন্যূনতম ০২ (দুই) টি অবহিতকরণ সভা আয়োজন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | আগামী সেপ্টেম্বর ২০২৩ মাসে একটি এবং জানুয়ারি ২০২৪ মাসে একটি স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার আয়োজন করতে হবে। | গবেষণা কর্মকর্তা-১ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১.৫ | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ২.১ নং কার্যক্রম অনুযায়ী যেহেতু এনএপিডির আওতাধীন দপ্তর/সংস্থা নেই তাই সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন পূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে বলে সভায় সকলে একমত পোষণ করেন। | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণ করতে হবে। | গবেষণা কর্মকর্তা-১ |
| ১.৬ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/ কর্মশালা/ সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ২.২ নং কার্যক্রম অনুযায়ী যেহেতু এনএপিডির আওতাধীন দপ্তর/সংস্থা নেই তাই সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ন্যূনতম ০২ (দুই) টি প্রশিক্ষণ/ কর্মশালা/ সেমিনার আয়োজন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। এছাড়া বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন পূর্বক তা জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে বলে সভায় সকলে একমত পোষণ করেন। | সেপ্টেম্বর ২০২৩ মাসে কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ০৩ (তিন) ঘণ্টা সময়ের পৃথক পৃথক দুইটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | সহকারী পরিচালক ও গবেষণা কর্মকর্তা-১ |

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩-০৮-২০২৩
প্রকৌঃ মোঃ আবদুর রশিদ
পরিচালক

**নম্বর:** ০৫.৮৮.০০০০.০০৯.০৫.০০১.১৯.১৪৮

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১৩ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, গবেষণা ও প্রকাশনা অনুবিভাগ, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি);
২। পরিচালক, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি);
৩। পরিচালক, প্রশিক্ষণ অনুবিভাগ, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি);
৪। সিস্টেম এনালিষ্ট, আইসিটি অধিশাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি);
৫। প্রশিক্ষক-৩, প্রশিক্ষণ-৩ শাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি);
৬। সহকারী পরিচালক, প্রশাসন ও অর্থ অধিশাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি);
৭। গবেষণা কর্মকর্তা-১, গবেষণা ও প্রকাশনা শাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি);
৮। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, মহাপরিচালক-এর দপ্তর, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) এবং
৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক-এর দপ্তর, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)।

১৩-০৮-২০২৩
মোঃ মঈনুল হাসান চৌধুরী
উপপরিচালক